সাবধান কিশোর গ্যাং হুমকী সংবলিত বোমা উদ্ধার

লাল কসটেপ মোড়ানো বোমা সাদৃশ্য কৌটার গায়ে লেখা সাবধান। মোটা অক্ষরে লেখা কিশোর গ্যাং। একটি বোমা সাদৃশ্য লাল কসটেপ মোড়ানো বস্তুু উদ্ধার করেছে পুলিশ।

কিশোর গ্যাং এর হুমকি দিয়ে লেখা চিরকুটে মোড়ানো বোমা সাদৃশ্য এই বস্তুটি সোমবার সকালের দিকে গাংনী উপজেলার বামন্দী বাজারের নাসিম ফল ভান্ডারের সামনে থেকে উদ্ধার করা হয়।

স্থানীয়দের দেওয়া খবরের ভিত্ত্বিতে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি দল বোমা সাদৃশ্য বস্তুটি উদ্ধার করেন। বোমা সাদৃশ্য বস্তুুটির গায়ে “কিশোর গ্যাং”। সাথে রয়েছে একটি চাঁদার চিরকুট।

বোমাটি উদ্ধারের পর ওই বাজারের বিভিন্ন দোকানের সিসিটিভি ফুটেজে দেখা গেছে, রাত ১২টার দিকে নীল রংয়ের পোশাক ও মাফলার পরিহিত এক ব্যক্তি বোমা সাদৃশ্য বস্তুটি রেখে চলে যায়। তবে ব্যবসায়িরা ভাবছেন, আতঙ্ক ছড়ানোর জন্যই এটি রাখা হতে পারে।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ ইসরাফিল হোসেন জানান, সকালে ব্যবসায়ি নাছিম তার ফলের দোকান খোলার সময় বোমা সাদৃশ্য বস্তুটি দেখতে পায়। এসময় পুলিশে খবর দিলে, সেটি উদ্ধার করে পানিতে চুবিয়ে রাখা হয়েছে। সেই সাথে চিরকুটটি জব্দ করা হয়।